

৬৩

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বিভাগীয় সমবায় কার্যালয়  
ময়মনসিংহ

coop.mymensinghdiv.gov.bd

স্মারক নং ৪৭.৬১.০০০০.০০০.০৫.১২৩.১৬.২৪

তারিখ: ০৩/০১/২০২১ খ্রি:।

বিষয়: উত্তম চর্চার তালিকা প্রেরণ।

সূত্র: জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২০-২০২১ এর ৫.১ এর নির্দেশনা।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা প্রণয়ন নির্দেশিকা ২০২০-২০২১ এর ৫.১ দফা নির্দেশনা অনুযায়ী এ বিভাগের উত্তম চর্চার তালিকা নিম্নরূপভাবে প্রণয়ন করা হলো।

০১. ই-নথি, আইসিটি এবং চাকুরী সংক্রান্ত আইন ও বিধির উপর প্রতিদিন একটি নির্দিষ্ট সময়ে দপ্তরের সকল কর্মচারীর সমন্বয়ে স্বল্প সময়ের (২৫ থেকে ৩০ মিনিট) অভ্যন্তরীণ প্রশিক্ষণ আয়োজন।
০২. বিভাগাধীন জেলা সমবায় অফিসারগণের সাথে আকস্মিক ভিডিও কনফারেন্স।
০৩. সামাজিক যোগাযোগ মাধ্যমে প্রাপ্ত অভিযোগ সামাজিক যোগাযোগ মাধ্যমেই নিষ্পত্তিকরণ।
০৪. প্রতি বৃহস্পতিবার অফিসের সকল কর্মচারী মিলে অফিস আঞ্জিনা পরিষ্কার করা।
০৫. বিভাগাধীন সকল কর্মচারীদের পারস্পরিক কথাবার্তায় অফিসিয়াল সন্মোদন ব্যবহার নিশ্চিতকরণ।
০৬. সেবা প্রত্যাশীদের অপেক্ষমান কক্ষে বসার পর পানি, চা এবং সমবায় সংক্রান্ত বিভিন্ন বই পড়ার ব্যবস্থা নিশ্চিতকরণ।
০৭. সপ্তাহে ০১ দিন সমবায়ীদের সাথে মতবিনিময় নিশ্চিতকরণ।
০৮. অফিসের সকল কর্মকর্তা/কর্মচারীর জন্মদিন, বিবাহ বার্ষিকী ও সন্তানদের জন্মদিনে শুভেচ্ছা প্রদান।
০৯. বিভাগাধীন সকল কর্মকর্তা/কর্মচারীদের সন্তানদের পরীক্ষায় ভাল ফলাফলের জন্য অফিস প্রধান কর্তৃক পুরস্কার প্রদান।
১০. এ দপ্তরের কর্মকর্তা/কর্মচারীগণের মধ্যে কেউ অসুস্থ হলে তাৎক্ষণিক চিকিৎসা সেবা নিশ্চিতকরণ।
১১. প্রতিমাসে অধিনস্থ কর্মকর্তা/কর্মচারীদের নিয়ে কমপক্ষে ০১টি করে মিটিং এর ব্যবস্থা গ্রহণ।
১২. প্রতিদিন সংশ্লিষ্ট শাখার কর্মকর্তা তাঁর অধীন কর্মচারীদের নিয়ে সকাল ০৯:২৫-০৯:৪০ মিনিট পর্যন্ত সারাদিনের কর্মপরিধি বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত প্রদান এবং বিকাল ০৪:৪৫- ০৫:০০ মিনিট পর্যন্ত কর্মপরিধির উপর বাস্তবায়ন অগ্রগতি সংক্রান্ত আলোচনা।

নিবন্ধক ও মহাপরিচালক  
সমবায় অধিদপ্তর, ঢাকা।

দৃষ্টি আকর্ষণ: যুগ্মনিবন্ধক (প্রশাসন, মাসউ ও ফাইন্যান্স)  
ও

ফোকাল পয়েন্ট কর্মকর্তা, নৈতিকতা কমিটি।

মো: মশিউর রহমান

যুগ্মনিবন্ধক

ফোন: ০৯১৫১১৯৬

jrmymensingh16@gmail.com

০৩/০১/২১